

তথ্যবিবরণী

নম্বর:১২৫

ময়মনসিংহে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪
উদযাপন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়

ময়মনসিংহ (বুধবার, ২১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.)

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। ময়মনসিংহে ২১ ফেব্রুয়ারি মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে।

বুধবার (২১ ফেব্রুয়ারি) ময়মনসিংহ জেলা প্রশাসন ও শিল্পকলা একাডেমী যৌথ আয়োজনে জেলা শিল্পকলা একাডেমিতে বিকালে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী এ অনুষ্ঠান সভাপতিত্ব করেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মাছুম আহাম্মদ ডুএগ, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মাহফুজুল আলম মাসুম, গবেষক ও প্রবন্ধকার স্বপন ধর এবং ময়মনসিংহ শিল্পকলা একাডেমির নির্বাহী সদস্য সারোয়ার জাহান।

জেলা প্রশাসক বক্তৃতাকালে বলেন, রক্তের প্রতিদানে আমরা ৫২ পেয়েছি। ৫২ শুধু ভাষা আন্দোলন নয়, এর গুরুত্ব পেয়েছিল সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিকমন্ডলে। এর ফলশ্রুতিতে ১৯৭১ সালে আমরা স্বাধীনতা পেয়েছি। ২১ আমাদের অনুপ্রেরণা, আমাদের মাথা উঁচু করে সামনে চলার সাহসী পাথেয়। রফিক জব্বারের উত্তরসূরীরা জীবন দিয়ে আমাদের স্বাধীনতা দিয়েছিল। এখন সময় এসেছে আমাদের সামনে এগিয়ে যাওয়ার। বাংলাদেশ উন্নয়নশীল দেশে উন্নীত হয়েছে। ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে দৃঢ় প্রতীতি। আজকের এ দিন হোক আমাদের প্রত্যয়ের যা সামনে এগিয়ে যাওয়ার সাহস যোগাবে।

আলোচনা শেষে দিবসটি উপলক্ষে দেশাত্মবোধক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে শিশু-কিশোরদের নিয়ে চিত্রাংকন প্রতিযোগিতা হয়। অনুষ্ঠানের শেষ পর্যায়ে চিত্রাংকন অনুষ্ঠানের বিজয়ীরা অতিথিদের হাত থেকে পুরস্কার গ্রহণ করেন।

বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকমন্ডলী ও শিক্ষার্থীবৃন্দ, মুক্তিযোদ্ধাগণ, সামাজিক ও সাংস্কৃতিক ব্যক্তিবর্গ, অভিভাবকগণ এবং সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

#

হদা/মনির/দেওয়ান/রিদওয়ান/রেজভী/২০২৪/১১:০০ ঘন্টা